

উত্তরবঙ্গ সংবাদ ৭ এপ্রিল ২০২৩ All

# সাফারি পার্কে আসছে ৩০টি নতুন বাস

রাজুল মজুমদার

শিলিগুড়ি, ৬ এপ্রিল : শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে নতুন ৩০টি বাস পাঠাচ্ছে বন দপ্তর। চারিদিকে নেট দেওয়া এই বাসগুলি আগের গাড়ির থেকে আকর্ষণীয় হবে বলে দাবি করেছেন বনকর্তারা। নতুন এই গাড়িগুলিতে চেয়ার ঘোরানোও যাবে। পাশাপাশি সাফারি পার্কের নিরাপত্তাও বাড়ানো হচ্ছে। পার্কজুড়ে বৈদ্যুতিক ফেন্সিংয়ের ব্যবস্থাও হচ্ছে। একাধিক এলাকায় ফেন্সিং বাড়ানো হবে। সম্প্রতি রাজ্যের বনমন্ত্রী জ্যোতিপ্রিয় মল্লিক সাফারি পার্ক পরিদর্শন করেন এবং তাঁর বৈঠকের পরেই এই সিদ্ধান্ত বলে জানা গিয়েছে। বনমন্ত্রীকে এই বিষয়ে প্রশ্ন করা হলে তিনি বলেছেন, 'সাফারি পার্ক মুখ্যমন্ত্রীর স্বপ্নের প্রকল্প। এই পার্ককে আমরা এত ভালো করে সাজাব যে, বিশ্বমানের একটি চিড়িয়াখানা হবে। গোটা বিশ্বে সাফারি পার্ক নজির হবে।'

সাফারি পার্কে এখন হরিণ, বাঘ, লেপার্ড ছাড়াও হিমালয়ান

ল্যাক বিয়ার, গভীর, বিভিন্ন ধরনের পাখি, হাতি রয়েছে। দিন তিনেক আগে কৃষসার হরিণ, হগ ডিয়ার আনা হয়েছে। এসবের মাঝেই জেব্রা, জিরাফ এবং জলহস্তী আনার প্রস্তুতি শুরু হয়েছে। পার্ক সূত্রে খবর, সব ঠিক

- দিনতিনেক আগে কৃষসার হরিণ, হগ ডিয়ার আনা হয়েছে
- জেব্রা, জিরাফ এবং জলহস্তী আনার প্রস্তুতি
- জু অথরিটি অফ ইন্ডিয়ার অনুমতি মিলেছে
- মে মাসের মধ্যেই জন্মগুলি আনার সম্ভাবনা

থাকলে মে মাসের মধ্যেই জন্মগুলি চলে আসবে। জু অথরিটি অফ ইন্ডিয়ার অনুমতিও মিলেছে।

পার্কে সাফারি করার জন্য গাড়ি

কম থাকায় অনেক পর্যটককেই কিনে যেতে হত। বিশেষ করে ঢুটির দিন ভিড় বাড়ায় অনেক পর্যটকই সাফারির সুযোগ পান না। তাই নতুন ৩০টি গাড়ি আনার পরিকল্পনা। বিদেশের চিড়িয়াখানায় যে ধরনের গাড়ি বাবহার করা হয়, সাফারির জন্যে সেরকম গাড়ি আনারই ভাবনা। গাড়ি এলে পার্কে সাফারির সংখ্যাও বাড়ানো হবে বলে জানা গিয়েছে। এদিকে, সাফারি পার্কের আশপাশেই মহানন্দা অভয়ারণ্য থাকায় বাইরের প্রাণীর ভেতরে চলে আসার প্রবণতা দেখা দিয়েছে। মাঝে মাঝেই জঙ্গল থেকে বেরিয়ে হাতি পার্কের ফেন্সিংয়ের কাছাকাছি চলে আসছে। এর আগেও সাফারি পার্কের পেছনের দিকে তরিবাড়ি এলাকায় একটি দাঁতাল ফেন্সিং ভেঙে ভেতরে চুকে গিয়েছিল। তাই গোটা পার্কের চারপাশে বৈদ্যুতিক ফেন্সিং দেওয়ার নির্দেশ দিয়েছেন বনমন্ত্রী। অল্ল ভোল্টের বিদ্যুৎবাহিত ফেন্সিং থাকলে বাইরের কোনও প্রাণী সহজে পার্কের ভেতরে ঢুকতে পারবে না দেখেই এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন বনকর্তারা।